বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০১৪.৩১.০০২.২৫. ৩৩৫৯

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ১১ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ইবতেদায়ী মাদ্রাসা সরেজমিনে পরিদর্শন ও প্রতিবেদন প্রেরণের অনুরোধ।

সূত্রঃ মাদ্রাসা কর্তৃপক্ষের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার সদর উপজেলাধীন পালিচড়া হাট ডাকঘরের অন্তর্গত আস্ সুন্নাহ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা ০১-০১-১৯৯১ তারিখ থেকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমতি/স্বীকৃতি প্রাপ্ত মর্মে দাবী করে মাদ্রাসাটির কোড নম্বর/স্বীকৃতি নবায়নের জন্য মাদ্রাসা কর্তৃপক্ষ বোর্ডে আবেদন জমা দিয়েছেন। কিন্তু উক্ত মাদ্রাসাটির অনুমতি/স্বীকৃতি সংক্রান্ত কোন রেকর্ড/নথি অত্র বোর্ডে সংরক্ষিত না পাওয়ায় মাদ্রাসাটিকে বোর্ড কর্তৃক আদৌ অনুমতি/স্বীকৃতি প্রদান করা হয়েছ কিনা তার সঠিকতা নিরুপন করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য যে, দীর্ঘ ০১ (এক) যুগেরও বেশি সময় ধরে নতুন স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা স্থাপন, পাঠদান এবং স্বীকৃতি প্রদান স্থগিত ছিল।

এমতাবস্থায়, মাদ্রাসাটি সরেজমিনে পরিদর্শন করতঃ এতদ্সঙ্গে সংযুক্ত ছক মোতাবেক তাঁর সুপারিশ সম্বলিত প্রতিবেদনের সফট কপি (পিডিএফ আকারে) তার সরকারি ই-মেইল (uno.....@mopa.gov.bd) থেকে নিম্নে উল্লিখিত ই-মেইলে এবং হার্ড কপি রেজিস্ট্রি ডাকযোগে পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

কর্মকর্তা→	মাদ্রাসা পরিদর্শক	উপ-পরিদর্শক
ই-মেইল→	inspector@bmeb.gov.bd	Dyinspector2@bmeb.gov.bd

সংযুক্তিঃ
১। পরিদর্শন ফরম।
২। তথ্য ছক

মো: নুরুল ইসলাম
মাদ্রাসা পরিদর্শক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ফোন: ০২-৫৮৬১০২০০
ই-মেইল: inspector@bmeb.gov.bd

প্রাপক
উপজেলা নির্বাহী অফিসার
উপজেলাঃ সদর, জেলাঃ রংপুর

অনুলিপিঃ
১। জেলা প্রশাসক, রংপুর;
২। জেলা শিক্ষা অফিসার, রংপুর;
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রংপুর;
৪। পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৫। পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৬। অফিস কপি।